যুগান্তর

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

# ঢামেকে জাবির শিক্ষক লাঞ্ছনা ও ছাত্রের পরীক্ষা বন্ধের নিন্দা জানিয়েছে কর্তৃপক্ষ

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের এক ছাত্রের ঢাকা মেডিকেল কলেজে পরীক্ষা দেয়ার ঘটনাকে কেন্দ্র করে শিক্ষক লাঞ্ছিত হওয়া, পরীক্ষা বন্ধ করার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ। রোববার নাটক বিভাগ ও কর্তৃপক্ষ পৃথক দুটি প্রতিবাদলিপিতে ঢাকা মেডিকেলের মতো স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানে অন্য একটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-ছাত্রের সঙ্গে সার্জন-পরিচালকের দুর্ব্যবহার ও শিক্ষকদের পুলিশি হেফাজতে রাখার তীব্র নিন্দা জানান। একই সঙ্গে তারা ঢাকা মেডিকেল কলেজের পরিচালকের নাটকীয়ভাবে সবকিছু অস্বীকার করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপচেষ্টারও নিন্দা জানান। পৃথক দুটি প্রতিবাদলিপিতে বলা হয়, গত শনিবার ঢাকা মেডিকেলে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের মাস্টার্স ফাইনালের ছাত্র একেএম রেজাউল হক তুহিনের পরীক্ষা চলাকালে কলেজের রেসিডেন্সিয়াল সার্জন ও পরিচালক অতর্কিতে পরীক্ষা কক্ষে প্রবেশ করে পরীক্ষা বন্ধ করে দেন। তারা কর্তব্যরত শিক্ষক অধ্যাপক মুহাম্মদ সাজ্জাদ আহসান ও মোঃ সানোয়ার হোসেনের সঙ্গে দুর্ব্যবহার করেন। শিক্ষকদের পরিচয় জানার পরও তারা তাদের পুলিশ হেফাজতে দিয়ে দেন এবং এখতিয়ার বহির্ভূতভাবে পরীক্ষা গ্রহণকে অবৈধ ঘোষণা করেন। একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানে দুজন শিক্ষক কর্তব্যরত অবস্থায় যেভাবে নাজেহাল হয়েছেন তা অবর্ণনীয়, দুঃখজনক ও মর্মান্তিক। গত ১৭ আগস্ট পরীক্ষার্থী তুহিন বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের রেফারেন্সে ঢাকা মেডিকেল কলেজের ২ নম্বর ওয়ার্ডে ভর্তি হন এবং ২০, ২৪ আগস্ট ও ১২ সেপ্টেম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করেন। অসুস্থতা ও হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজনীয় কাগজপত্র দেখানোর পরই তাকে ঢাকা মেডিকেলে পরীক্ষা নেয়ার অনুমতি প্রদান করেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।